

কালের কণ্ঠ

www.kalerkantho.com

দৈনিক কালের কণ্ঠ, ২০২০-০২-১৮, পৃষ্ঠা- ১৯



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১৯তম সমাবর্তন গতকাল অনুষ্ঠিত হয়েছে। এতে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।
ছবি : কালের কণ্ঠ

সংক্ষিপ্ত

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি বঙ্গবন্ধুর স্মৃতির উদ্দেশে নিবেদিত ১৯তম সমাবর্তন

নিজস্ব প্রতিবেদক ▷

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১৯তম সমাবর্তন সম্পন্ন হয়েছে। গতকাল সোমবার রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাসে এই সমাবর্তন হয়। মুজিববর্ষ উপলক্ষে এবারের সমাবর্তন নিবেদন করা হয় বঙ্গবন্ধুর স্মৃতির উদ্দেশে। সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন। এবারের সমাবর্তনে আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রগ্রামের দুই হাজার ১১১ শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এ ছাড়া তিন মেধাবী শিক্ষার্থীকে দেওয়া হয় স্বর্ণপদক। সমাবর্তন বজা ছিলেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার এম আমীর-উল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহিদুল্লাহ। সমাবর্তন অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান।

